শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

বিষয় ঃ উপজেলা পরিষদের অক্টোবর, ২০২১ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ ছালেহা বেগম, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভার তারিখ ঃ ০৭ অক্টোবর, ২০২১ খ্রিঃ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় শুরুতে অত্র উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা ডাঃ মোঃ আব্দুর রহিম মহোদয়ের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে প্রস্তাব গ্রহণ এবং তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়।

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | **ক)** উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২১- ২০২২ অর্থ বছরে এডিপির ১ম কিস্তি ২৯.০১ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪ কিস্তিতে মোট ১১৬.০৪ পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উক্ত টাকার প্রকল্প গ্রহণ করার অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন যেহেতু ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এর তফসিল ঘোষাণা করা হয়েছে সেহেতু এ পরিষদ আর কোন প্রকল্প দাখিল করতে পারবেন না মর্মে তিনি উল্লেখ করেন। | **ক)** এডিপি এবং উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রকল্প আগামী সভায় গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | **খ)** উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীগণের খেলাধুলার কোন ব্যবস্থা না থাকায় খেলাধুলা করতে পারছেন না। তাই খেলাধুলার জন্য একটি ব্যাটমেন্টন কোর্ট করা প্রয়োজন। তিনি ব্যাটমেন্টন কোর্ট করার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | **খ)** উপজেলা পর্যায়ে কর্মকর্তা ও কর্মচারীগণের খেলাধুলায় ব্যাটমেন্টন কোর্ট করার জন্য উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ২.০০ লক্ষ বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিআইসির মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | **ক)** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। ২০২১-২২ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) ১ম পর্যায়ে নগদ টাকা ৩৩,৩৬,২২৯.৯৫ টাকা, ৭০.৫৯৩৬ মেঃ টন চাল এবং ৭০.৫৯৩৬ মেঃ টন গম এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) ১ম পর্যায় ১৭,৮৩,৭৯৬.০৭/- টাকা বরাদ্দ পাওয়া গেছে মর্মে তিনি উল্লেখ করেন। তবে ইউনিয়ন পরিষদ নির্বাচন/২০২১ এর তফসিল ঘোষাণা করায় এ পরিষদ আর কোন প্রকল্প দাখিল করতে পারবেন না মর্মে তিনি উল্লেখ করেন। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | ক) উপজেলা মেডিকেল অফিসার, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার স্বাস্থ্য কমপ্লেক্সে প্রতিদিন করোনা ভাইরাসের রোগীর নমুনা সংগ্রহের কাজ অব্যহত রয়েছে। তবে পূর্বে তুলনায় বর্তমানে করোনা রোগীর | | উপজেলা স্বাস্থ্য ও পরিবার |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা | সংখ্যা কম। তাছাড়া দোয়ারাবাজার স্বাস্থ্য কমপ্লেক্সে একটি কক্ষ প্রস্তুত রাখা হয়েছে। করোনা ভাইরাস থেকে বাঁচতে স্বাস্থ্যবিধি এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কিছুক্ষণ পর পর সাবান দিয়ে হাত ধৌত করতে হবে এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে মর্মে তিনি উল্লেখ করেন। জ্বর, সর্দি ও কাশি আছে এমন ব্যক্তি হাসপাতালে এসে চিকিৎসা গ্রহণ করতে পরামর্শ প্রদান করার জন্য সকল জনপ্রতিনিধিকে অনুরোধ জানান। | | পরিকল্পনা অফিসার, দোয়ারাবাজার |
| ০৪ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। উপজেলা সমাজসেবা অফিস উপজেলা পরিষদ ভবনে স্থান সংকুলন না হওয়ায় এবং অন্যত্র উপযুক্ত অফিস না থাকায় উপজেলা সমাজসেবা অফিস দোয়ারাবাজার উপজেলার উপ-কারাগারে ছিল। গত বছর কারাগার পরিত্যক্ত ঘোষণা করা হলে অফিস মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনের ০৩ টি কক্ষে ভাড়া হিসাবে স্থানান্তর করা হয় মর্মে তিনি উল্লেখ করেন। | উপজেলা সমাজসেবা অফিস উপজেলা পরিষদ ভবনে স্থান সংকুলন না হওয়ায় এবং অন্যত্র উপযুক্ত অফিস না থাকায় উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে ভবনের ০৩ টি কক্ষে ভাড়া সমাজসেবা অধিদপ্তর হতে বরাদ্দ আনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৫ | আইন শৃংখলা | অফিসার ইনচার্জ, দোয়ারাবাজার থানা বলেন, দোয়ারাবাজার উপজেলা ভারতের সীমান্তবর্তী হওয়ায় আইন শৃংখলা নিয়ন্ত্রণে রাখা চ্যালেঞ্জিং। তাই তিনি আইন শৃংখলা সহনীয় মাত্রায় রাখতে বিভিন্ন অভিযান অব্যাহত রেখেছেন এবং উপজেলার প্রতিটি বাজারে বিট পুলিশিং সভা করে চোরাচালান, মদ ও জুয়ার বিরুদ্ধে জনগণকে সচেতন করছেন। এ কাজে এ উপজেলা সকল জনপ্রতিনিগণকে সহযোগিতা করার জন্য তিনি অনুরোধ জানান। | দোয়ারাবাজার উপজেলার আইন শৃংখলা নিয়ন্ত্রণে রাখার নিমিত্ত অভিযান অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, দোয়ারাবাজার থনাকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, দোয়ারাবাজার থানা |
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | **ক)** ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর/২১ মাসে মোট ০৭ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, ২০২১-২২ অর্থ বছরের সেপ্টেম্বর/২১ মাসে মোট ০৭ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>**খ)** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ সেপ্টেম্বর/২১ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৭.৫% ভ্যাট ২,০২৫/- টাকা ও ২% আয়কর ৫৪০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৫% ভ্যাট ২২৬/- টাকা ও ২% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | **ক)** চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>**খ)** উপজেলা সেপ্টেম্বর/২১ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার সুনামগঞ্জ। |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৬ | রাজস্ব তহবিল সংক্রান্ত | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় অতিমাত্রায় বিদ্যুৎ লোডসেডিং করার কারণে অফিসের কাজকর্ম করতে সমস্যা হচ্ছে। তাই একটি আইপিএস ক্রয় করার জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদান করার অনুরোধ জানান।<br>ঘ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ অডিটিরিয়ামের পানির ট্যাংকি নষ্ট হওয়ায় নতুন ট্যাংকি ক্রয় করে সংযোগ প্রদান করা হয়। এতে ১০,০২০/- টাকার ভ্যাট ও আয়করসহ মোট ১০,৭২১/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের মৃত্যুতে ড্রপডাউন ব্যনার, মাইক ভাড়া, সিএনজি ভাড়া,স্টেজ ও পতাকা বনানো সর্বমোট ৯,১০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>চ) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন দোয়ারাবাজার সদর ইউনিয়নের মুরাদপুর গ্রামের আক্তার হোসেন, পিতা-কালা মিয়ার বসত ঘরটি আগুনে পুড়ে যায়। তিনি ঘর করার জন্য উপজেলা পরিষদ হতে অনুদান প্রদানের জন্য একটি আবেদন দাখিল করেছেন। তিনি উপজেলা পরিষদ হতে অনুদান প্রদানের অনুরোধ জানান। | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজারের কার্যালয়ের জন্য একটি আইপিএস ক্রয়ে ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) উপজেলা পরিষদ অডিটিরিয়ামে নতুন ট্যাংকি ক্রয় করে সংযোগ প্রদান ব্যয়িত ১০,০২০/- টাকার ভ্যাট ও আয়করসহ মোট ১০,৭২১/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঙ) উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়ের মৃত্যুতে ড্রপডাউন ব্যনার, মাইক ভাড়া, সিএনজি ভাড়া,স্টেজ ও পতাকা বনানো সর্বমোট ৯,১০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>চ) দোয়ারাবাজার সদর ইউনিয়নের মুরাদপুর গ্রামের আক্তার হোসেন, পিতা-কালা মিয়ার বসত ঘরটি আগুনে পুড়ে যাওয়ায়ন ঘর নির্মাণে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর অপ্রত্যাশিত খাত হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

14/10/21

( ছালেহা বেগম)
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা।

স্মারক নং- ০৫.৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২০-১১৯

তারিখ ঃ- ১৪ অক্টোবর, ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
৫। জনাব/বেগম ............................................, ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। উপজেলা ..................................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। চেয়ারম্যান, ..............................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮। জনাব..................................................................................।
৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
১০। সংরক্ষণ নথি

১৪/১০/২০২১

(দেবাংশু কুমার সিংহ)
উপজেলা নির্বাহী অফিসার
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।